রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

শানিবি সার্কুলার নং-০৬/২০১৯ তারিখ: ২৮.১১.২০১৯

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, এলপিও, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয় ঃ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর মধ্যে রাকাব এর বিভিন্ন শাখায় ০১. ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড (একক) এসএনডি ও নন-অপারেটিভ চলতি কাম-বিএম হিসাব, ০২. ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীণ বীমা প্রকল্প) এসএনডি প্রিমিয়াম কালেকশন হিসাব ও ০৩. ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড (গণবীমা প্রকল্প) নামে নন-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনা প্রসংগে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে এই বিভাগ হতে ০৩.১১.১৯৯৭ তারিখে জারীকৃত পরিপত্র নং-৬/৯৭ এবং ১০.০৪.২০১৭ তারিখের প্রকা/শানিবি-৮(৮-এ)/২০১৬-১৭/ ৮১৬(৩৯৯)/৫০ নম্বর পত্রের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হইল।

০২। এই ব্যাংকের বিভিন্ন শাখায় ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ০১. ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড (একক) এসএনডি ও নন-অপারেটিভ চলতি কাম-বিএম হিসাব, ০২. ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীণ বীমা প্রকল্প) এসএনডি প্রিমিয়াম কালেকশন হিসাব ও ০৩. ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড (গণবীমা প্রকল্প) নামে নন-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনা বিষয়ে ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মধ্যে গত ২৮.১১.২০১৯ তারিখে একটি সমঝোতা স্মারক/চুক্তিপত্র সম্পাদিত হইয়াছে।

সম্পাদিত উক্ত সমঝোতা স্মারক/চুক্তিপত্রের শর্তাবলী নিম্নে বর্ণিত হইল:

০১। এই সমঝোতা চুক্তি ১৪-০৯-২০১৯ তারিখ হইতে কার্যকর হইবে এবং ১৩-০৯-২০২২ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং ৩ বছর পর পর নবায়ন করা যাইবে।

০২। কোম্পানী কর্তৃক রাকাব-এ পরিচালিত ০১. "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (একক)" নামে এসএনডি প্রিমিয়াম কালেকশন হিসাব এবং অন্যান্য শাখায় নন্-অপারেটিভ চলতি কাম-বিএম কালেকশন হিসাব ০২. "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গ্রামীণ বীমা প্রকল্প) এসএনডি প্রিমিয়াম কালেকশন হিসাব" ও ০৩. "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গণবীমা প্রকল্প)" নামে নন-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব" খোলা ও পরিচালনা সংক্রান্ত শর্ত সমূহ ঃ-

(১) ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ এর (একক) নামীয় হিসাবটি রাকাব, বগুড়া শাখায় মেইন কালেকশন এসএনডি হিসাব ও অন্যান্য শাখায় নন-অপারেটিভ চলতি কাম-বিএম কালেকশন হিসাবরূপে চুক্তির মেয়াদ পর্যন্ত পরিচালিত হইবে এবং এতদ্‌সংক্রান্ত রাকাব, ঢাকা শাখায় যে এসএনডি হিসাব নং-১১ খোলা আছে সেই হিসাবের মাধ্যমে কোন প্রিমিয়াম কালেকশন বা প্রিমিয়াম কালেকশনের জন্য ব্যাংক মেমোরেন্ডাম নামক রশিদ বহি ইস্যু করা যাইবে না এবং রাকাব, বগুড়া শাখায় যে এসএনডি মেইন প্রিমিয়াম কালেকশন হিসাব নং-৩২ খোলা আছে সেই হিসাবের মাধ্যমেও কোন প্রিমিয়াম কালেকশন বা প্রিমিয়াম কালেকশনের জন্য ব্যাংক মেমোরেন্ডাম নামক রশিদ বহি ইস্যু করা যাইবে না। অন্য দুইটি হিসাব যথা (ক) "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গ্রামীণ বীমা প্রকল্প)" যাহা বিভিন্ন শাখায় নন-অপারেটিভ এসটিডি প্রিমিয়াম কালেকশন হিসাবরূপে খোলা হইয়াছে ও (খ) "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গণবীমা প্রকল্প)" যাহা ব্যাংকের বিভিন্ন শাখায় নন-অপারেটিভ চলতি প্রিমিয়াম কালেকশন হিসাবরূপে খোলা হইয়াছে-সমঝোতা চুক্তি/স্মারকের মেয়াদ পর্যন্ত নন-অপারেটিভ চলতি বিএম বিহীন প্রিমিয়াম কালেকশন হিসাবরূপে তাহা পরিগণিত ও পরিচালিত হইবে।

ক্রমশ: পাতা-০২

(২) কোম্পানী কর্তৃক এই ব্যাংকে প্রিমিয়াম কালেকশনের মেইন হিসাব খোলার সময় ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী (ক) কোম্পানীর গঠনতন্ত্র (খ) মোমোরেন্ডাম ও আর্টিকেল্স অব এসোসিয়েশন (গ) জয়েন্ট স্টক কোম্পানীর রেজিষ্ট্রারের নিকট হতে কোম্পানীর কারবার আরম্ভ করার সনদপত্র (ব্যাংক হিসাব খোলার আবেদন ফরম অনুযায়ী) (ঘ) হিসাব খোলা ও পরিচালনার বিষয়ে কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস এর রেজুলেশন, রেজুলেশনে কোন কোন ব্যক্তির স্বাক্ষরে হিসাব খোলা ও পরিচালনা হইবে তাহা সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক অনুমোদিত স্বাক্ষরকারীর নমুনা স্বাক্ষরসহ কাগজপত্রাদি/দলিলপত্র দাখিলের প্রয়োজন হইলেও ব্যাংকের অন্যান্য শাখায় নন-অপারেটিভ চলতি হিসাব খোলার জন্য আলোচ্য দলিলপত্র/কাগজপত্রাদি দাখিল করিতে হইবে না; কেবলমাত্র কোম্পানীর লেটার হেড প্যাডে একটি আবেদন পত্র সংশিষ্ট কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে দাখিল করিতে হইবে, যাহার একটি অনুলিপি সংশিষ্ট কোম্পানী কর্তৃক শাখা নিয়ন্ত্রণ বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করিতে হইবে।

(৩) রাকাব, বগুড়া শাখা ব্যতীত ব্যাংকের অন্যান্য বিভিন্ন শাখায় কোম্পানীর নামে যে সকল নন-অপারেটিভ চলতি কাম বিএম হিসাব খোলা আছে/খোলা হইবে কোম্পানী সেই সকল শাখায় বিএম (ব্যাংক মেমোরেন্ডাম) নামক রশিদ বই সরবরাহ করিবে এবং বিএম ইস্যুর মাধ্যমে কোম্পানীর পক্ষে প্রিমিয়ামের টাকা গ্রহণ করিয়া উক্ত নন-অপারেটিভ চলতি হিসাবে জমা করিবে। দিন শেষে সবগুলি বিএম রশিদের আদায়কৃত টাকা একত্রে একটি ডেবিট ক্যাশ ভাউচারের মাধ্যমে সংশ্লিষ্ট হিসাবে জমা করিতে হইবে। বিএম রশিদগুলি পাঁচকপি বিশিষ্ট এবং পাঁচ কপি পাঁচ রং এর হইতে হইবে। বিএম রশিদগুলি নিম্নোক্তভাবে সংরক্ষণ/বিলি করা হইবে:

১ম কপি ঃ টাকা জমাকারীকে প্রদান করা হইবে।
২য় কপি ঃ ইনস্যুরেন্স কোম্পানীর বগুড়া শাখায় সপ্তাহান্তে প্রেরণ করা হইবে।
৩য় কপি ঃ মাস শেষে ব্যাংক স্টেটমেন্ট (এসিএফ/১৩৮) সহ ইনস্যুরেন্স কোম্পানীর সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা হইবে।
৪র্থ কপি ঃ ব্যাংকের শাখায় ভাউচারের সাথে সংরক্ষণ করা হইবে।
৫ম কপি ঃ বিএম বই এর সাথে ব্যাংকের শাখায় সংরক্ষণ করা হইবে।
৪র্থ ও ৫ম কপির পিছনে জমাকারীর স্বাক্ষর গ্রহণ পূর্বক ১ম কপি জমাকারীকে ইস্যু করিতে হইবে।

উল্লেখ্য যে, এই সকল হিসাব হইতে কোন টাকা উত্তোলন করা যাইবে না এবং হিসাবগুলির বিপরীতে কোন চেক বই ইস্যু করা যাইবে না।

০৩। রাকাব ঢাকা শাখা ব্যতীত ব্যাংকের অন্যান্য বিভিন্ন শাখায় কোম্পানীর নামে যে সকল নন-অপারেটিভ চলতি কাম বিএম বিহীন হিসাব খোলা আছে/খোলা হইবে। "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গণবীমা প্রকল্প)" এবং "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গ্রামীণ বীমা প্রকল্প)" নামের নন-অপারেটিভ কালেকশন হিসাব দুইটিতে বিএম ইস্যু করা যাইবে না। এই দুইটি হিসাবে ব্যাংকের প্রচলিত নিয়মে কোম্পানীর কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পে-ইন-স্লিপের মাধ্যমে টাকা জমা করিতে হইবে। তবে আলোচ্য হিসাবদ্বয়ের জন্য কোন শাখায় বিএম রশিদ বহি দেওয়া থাকিলে সেই সকল শাখা হইতে সকল অব্যবহৃত বিএম রশিদ বহি উত্তোলন করিয়া আনার দায়িত্ব ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানীর। এই রশিদ বহির জন্য ব্যাংককে দায়ী করা যাইবে না।

(ক) সংশ্লিষ্ট কোম্পানী কর্তৃক ব্যাংকের যে সকল শাখায় উল্লেখিত নামের নন-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলা হইবে তাহা হইতে টাকা উত্তোলন করা যাইবে না এবং চেক বহি ইস্যু করা যাইবে না। "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গণবীমা প্রকল্প)" নামের বিএম বিহীন নন-অপারেটিভ চলতি কালেকশন হিসাবে জমাকৃত টাকা পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে রাকাব, ঢাকা শাখা এর এসএনডি হিসাব নম্বর-১২ তে এবং "ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ (গ্রামীণ বীমা প্রকল্প)" নামের বিএম বিহীন নন-অপারেটিভ চলতি কালেকশন হিসাবে জমাকৃত টাকা পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে রাকাব, ঢাকা শাখা এর এসএনডি হিসাব নম্বর-০৭ এ এমটি'র (মেইল ট্রান্সফার) মাধ্যমে স্থানান্তর করা হইবে। টাকা স্থানান্তরের জন্য অত্র ব্যাংকের প্রচলিত নিয়মে কমিশন ও ডাক খরচ শাখায় রক্ষিত কোম্পানীর সংশ্লিষ্ট নন-অপারেটিভ চলতি কালেকশন হিসাব হইতে কর্তন করা হইবে।

(খ) বিভিন্ন শাখায় ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (একক) এর চলতি কাম-বিএম কালেকশন হিসাবে জমাকৃত টাকা পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে রাকাব, বগুড়া শাখায় এসএনডি হিসাব নম্বর-৩২ তে এমটির মাধ্যমে স্থানান্তরিত করিতে হইবে। টাকা স্থানান্তরের জন্য ব্যাংকের প্রচলিত নিয়মে কমিশন ও ডাক খরচ শাখায় রক্ষিত কোম্পানীর সংশ্লিষ্ট হিসাব হইতে কর্তন করিতে হইবে।

ক্রমশ: পাতা-০৩

০৪। কোম্পানী কর্তৃক ব্যাংকের বিভিন্ন শাখায় পরিচালিত নন-অপারেটিভ চলতি কাম-বিএম হিসাবে সংগৃহীত/জমাকৃত প্রিমিয়ামের টাকার উপর ব্যাংক ১৪.০৯.২০১৯ইং তারিখ হইতে ৫.০০% হারে সার্ভিস চার্জ আদায় করিবে এবং উক্ত সার্ভিস চার্জ ব্যাংক শাখায় রক্ষিত কোম্পানীর সংশ্লিষ্ট হিসাব হইতে কর্তন করা হইবে।

০৫। কোম্পানী কর্তৃক ব্যাংকের বিভিন্ন শাখায় পরিচালিত নন-অপারেটিভ চলতি কাম-বিএম বিহীন হিসাবে সংগৃহীত/জমাকৃত প্রিমিয়ামের টাকার উপর ব্যাংক ১৪.০৯.২০১৯ইং তারিখ হইতে ১.০০% হারে সার্ভিস চার্জ আদায় করিবে এবং উক্ত সার্ভিস চার্জ ব্যাংক শাখায় রক্ষিত কোম্পানীর সংশ্লিষ্ট হিসাব হইতে কর্তন করা হইবে।

০৬। কালেকশন হিসাব পরিচালনা সংক্রান্ত শর্তের কোন পরিবর্তন ও সংশোধনের প্রয়োজন হইলে উভয় পক্ষের সম্মতির ভিত্তিতে তাহা করা হইবে।

০৭। রাষ্ট্রীয়/সরকারী নির্দেশ ও ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী কোম্পানীর সকল হিসাব হইতে বিদ্যমান ও ভবিষ্যতে আরোপিত অন্যান্য বিভিন্ন সার্ভিস চার্জ যেমন ঃ লেভী, উৎসে কর, আবগারী শুল্ক, ব্যাংক স্টেটমেন্ট/ব্যালান্স কনফারমেশন সার্টিফিকেট চার্জ/ফি ইত্যাদি কর্তন করিতে হইবে।

০৮। যে কোন পক্ষ ৬০ (ষাট) দিনের নোটিশ দিয়া সম্পাদিত সমঝোতা স্মারক বাতিল করিতে পারিবে।

এমতাবস্থায়, উপরোক্ত শর্ত সাপেক্ষে ডেলটা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর উল্লেখিত হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে আগামী ১৩.০৯.২০২২ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে। এই বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হইলে এই বিভাগের সংগে যোগাযোগ করিতে হইবে। উল্লেখ্য যে, শাখাতে চুক্তি বহির্ভূত কোন কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং ২য় কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন।

আপনার বিশ্বস্ত

28.11.2019

(শেখ মোঃ নূরুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

প্রকা/শানিবি-৮(৮এ)/২০১৯-২০২০/ তারিখ: ২৮.১১.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব,রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। উপ-ব্যবস্থাপনা পরিচালক (হিসাব), ডেল্টা লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড, কেন্দ্রীয় কার্যালয়, ডেল্টা লাইফ টাওয়ার, প্লট নং-৩৭, রোড নং-৯০, গুলশান-২।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)।
১০। অফিস নথি/মহানথি।

২৮.১১.১৯

(আঞ্জুমান শাহানা পারভীন)
উর্ধতন মুখ্য কর্মকর্তা